

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-১৭

তারিখ : এপ্রিল ২৬, ২০২০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও ইলেকট্রনিক সামগ্রী উৎপাদন, পরিবহন
ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের এপ্রিল ২২, ২০২০ তারিখের পত্র নং ২৬.০০.০০০০.১৩১.৫৯.০১৩.১৮/১৮৪ (কপি
সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের পত্রে করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ (চাল, ডাল, তেল, পিঁয়াজ, মশুর ডাল,
লবণ, চিনি, আদা, রসুন) পানি, শিশু খাদ্য ও অন্যান্য খাদ্য সামগ্রী, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সকল প্রকার চিকিৎসা সামগ্রী ও ইলেকট্রনিক
সামগ্রী স্বাস্থ্য বিধি মেনে এর উৎপাদন, আমদানি, পণ্য খালাস, পণ্য পরিবহন, কুরিয়ার ব্যবস্থা এবং ওয়্যারহাউস কার্যক্রম অব্যাহত রাখার
বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে আমদানি পণ্য দ্রুত খালাসের লক্ষ্যে অনুমোদিত ডিলার ব্যাংক ডকুমেন্ট ছাড়করণের বিষয়ে
বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রসংগত সার্কুলার পত্র নং- ১২, তারিখঃ এপ্রিল ১২, ২০২০ এর মাধ্যমে সরাসরি
আমদানিকারকের মাধ্যমে প্রাপ্ত ডকুমেন্টের বিপরীতে পণ্য ছাড়করণ ও আমদানি দায় পরিশোধের বিষয়ে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ
ট্রানজেকশনের ৭ম অধ্যায়ের ২৬ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা
হয়েছে।

৪। বর্ণিত অবস্থায়, আমদানি নীতি আদেশ পরিপালন সাপেক্ষে আমদানিযোগ্য পণ্য আমদানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিদ্যমান
বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় অনুসৃত বিধিবিধানের নিরিখে আমদানিকারককে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্তে বাণিজ্য
মন্ত্রণালয়ের পত্রে জ্ঞাপিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম দ্রুততার সাথে গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১২৩

সংযোজনী : বর্ণনা মোতাবেক।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার
www.mincom.gov.bd

নম্বর- ২৬.০০.০০০০.১৩১.৫৯.০১৩.১৮/১৮৪

তারিখঃ ২২ এপ্রিল ২০২০

বিষয়ঃ করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও ইলেক্ট্রনিক সামগ্রী উৎপাদন, পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান

করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ (চাল, ডাল, তেল, পিঁয়াজ, মশুর ডাল, লবণ, চিনি, আদা, রসুন) পানি, শিশু খাদ্য ও অন্যান্য খাদ্য সামগ্রী, মাছ, হ্যাণ্ড স্যানিটাইজার, সকল প্রকার চিকিৎসা সামগ্রী ও ইলেক্ট্রনিক সামগ্রী স্বাস্থ্য বিধি মেনে এর উৎপাদন, আমদানি, পণ্য খালাস, পণ্য পরিবহন, কুরিয়ার ব্যবস্থা এবং ওয়ার হাউস কার্যক্রম যাতে অগাছত থাকে সে লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর কে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ মনির হোসেন হাওলাদার
উপসচিব (অব- ১ শাখা)
litl@mincom.gov.bd
০১৫৫২৩০৩৯১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
- ২) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪) সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) সচিব, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, ঢাকা
- ৬) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধান মন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেড কোয়ার্টারস, ফুলবাড়িয়া, ঢাকা
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়
- ৫) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
- ৬) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালি, ঢাকা
- ৭) মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮) সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯) সভাপতি, এফবিসিসিআই

Acti
Go to